গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[ মূসক- আইন ও বিধি শাখা ]

ব্যাখ্যা পত্র নংঃ ২/মূসক/২০১৪ তারিখঃ ১৯/০৬/২০১৪খ্রিঃ।

বিষয় ঃ সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ সেবার আওতায় প্রদেয় সম্মানী ভাতা, টিএ/ডিএ, খাবারভাতা, শিক্ষা উপকরণ ব্যয় ইত্যাদি খাতে পরিশোধিতব্য অর্থের ওপর মূসকের প্রযোজ্যতা সম্পর্কিত ব্যাখ্যা প্রদান।

সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী এবং সার্পোট স্টাফদের প্রদত্ত সম্মানী, টিএ/ডিএ, খাদ্য ভাতা, পোশাক ভাতা এবং শিক্ষা উপকরণ সংগ্রহ ইত্যাদি ব্যয়ের উপর মূসক আরোপযোগ্য হবে কি-না সে বিষয়ে মাঠ পর্যায়ে উদ্ভূত সমস্যা সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। উক্ত অস্পষ্টতা নিরসনকল্পে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হলো ঃ

(ক) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর দ্বিতীয় তফসিলের অনুচ্ছেদ ২ এর দফা (গ) অনুযায়ী সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ মূসক অব্যাহতি প্রাপ্ত। কিন্তু আইনের ধারা ৩(৫) এর দফা (খ) অনুযায়ী সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত সেবা কার্যক্রমের পরিধি বা ব্যাখ্যা ইতোপূর্বে জারী করা হয়নি বিধায় আলোচ্য বিষয়ে জটিলতা সৃষ্টি হচ্ছে।

(খ) সরকারী অর্থে পরিচালিত শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী বা প্রশিক্ষণার্থীদের শিক্ষা বা প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করে থাকে। এ শিক্ষা বা প্রশিক্ষণ ব্যয়ের মধ্যে খাদ্য, আবাসন, পরিবহন, শিক্ষা উপকরণ ব্যয়, শিক্ষকদের সম্মানী, শিক্ষার্থী বা প্রশিক্ষণার্থীদের সম্মানী, সাপোর্ট স্টাফদের সম্মানী ইত্যাদি অন্তর্ভুক্ত থাকে। আইনের দ্বিতীয় তফসিল দ্বারা সরকারী শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম মূসক অব্যাহতি সুবিধা প্রাপ্য হওয়ায় এ ধরনের প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ সেবা মূসক অব্যাহতি সুবিধা ভোগ করবে।

(গ) সরকারী অর্থে সরকার কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ব্যয় যথা- নগদ অর্থে পরিশোধিতব্য প্রশিক্ষকের সম্মানী, প্রশিক্ষণার্থীদেরকে প্রদত্ত সম্মানী বা ভাতা, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদেরকে প্রদত্ত টিএ/ডিএ, খাবার ভাতা ও প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ের জন্য প্রদত্ত নগদ অর্থ মূসক যোগ্য হবে না।

(ঘ) সরকারী শিক্ষা বা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ তাদের কার্যক্রম পরিচালনার জন্য যে সব পণ্য বা সেবা ক্রয় করে সেসব ক্ষেত্রে প্রযোজ্য হলে উৎসে মূসক কর্তন/আদায়যোগ্য হবে। অর্থাৎ প্রশিক্ষণ আয়োজনকারী সরকারী প্রতিষ্ঠান সরকারী অর্থে টেন্ডার, কোটেশন বা অন্যবিধভাবে কোন পণ্য বা সেবা ক্রয় করলে উৎসে মূসক কর্তন সংক্রান্ত বিধানাবলী প্রয়োগ করতে হবে।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এ ব্যাখ্যা জারী করলো।

১৯.০৬.১৪

[হাছান মুহম্মদ তারেক রিকাবদার]
দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ tarek020178@yahoo.com

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২৫.০০১.১২ তারিখঃ ১৯/০৬/২০১৪ খ্রিঃ।

অনুলিপি বিতরণঃ

১. মহাহিসাব নিয়ন্ত্রক, মহাহিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩-১৪. কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)।
১৫. মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ শুল্ক, আবগারী ও মূসক প্রশিক্ষণ একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম/শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর,ঢাকা।
১৬. সুপারিনটেনডেন্ট, পিটিআই, ঝিনাইদহ (তার পত্র নং-পিটিআই/ঝিনাই/ভ্যাট/২০১২/৬৭/৯৮৯ এর সূত্রে)।